



ঢাকা বিশ্ববিদ্যালয়
বিজ্ঞপ্তি


আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে ০৯-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত এসএমটি সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ে-

ক) অফিসসমূহের ইতোপূর্বে ঘোষিত ছুটি অপরিবর্তিত থাকবে।

খ) বিশ্ববিদ্যালয়ের সর্বত্র নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১. দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা রাইভ খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।
২. বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।
৩. অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।
৪. এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।
৫. অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।
৬. অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।
৭. বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
৮. অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।
৯. যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
১০. গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।
১১. জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

প্রশাসনিক ভবন
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়


০৯/০৩/২০২৬

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং রেজি/প্রশা-৩/৬২৭২০-বি

তারিখ:

২৪/৩/১৪৩২ বঙ্গাব্দ
৯/৬/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলো: